

তিতুমীর কলেজকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে সড়ক-রেলপথ অবরোধ

নিজস্ব বার্তা পরিবেশক

: সোমবার, ১৮ নভেম্বর ২০২৪



সরকারি তিতুমীর কলেজকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে আবারও সড়কে অবস্থান নিয়েছেন শিক্ষার্থীরা। সোমবার (১৭ নভেম্বর) বেলা ১১টার দিকে তারা মহাখালী রেললাইনের ওপর অবস্থান নেন। এতে রেল ও সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়।

শিক্ষা মন্ত্রণালয় থেকে কোনো প্রতিনিধি না আসা পর্যন্ত শিক্ষার্থীরা অবরোধে না তোলার ঘোষণা দিয়েছেন। তাদের দাবি, মন্ত্রণালয়ের প্রতিনিধিদের মহাখালীতেই আসতে হবে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, শিক্ষার্থীরা মহাখালী ওভার ব্রিজের নিচে রেললাইনে অবস্থান নিয়েছেন। এ সময় অবরোধের মধ্যে নোয়াখালী থেকে ঢাকাগামী আন্তনগর ট্রেন উপকূল এক্সপ্রেস মহাখালী রেলক্রসিং অতিক্রম করার সময় শিক্ষার্থীরা সেটি থামানোর চেষ্টা করেন। কিন্তু ট্রেনটি না থেমে গতি কমিয়ে চলতে থাকলে বিক্ষোভকারীরা সেটি লক্ষ্য করে ইট-পাটকেল নিক্ষেপ করেন। এতে ট্রেনের কয়েকটি জানালার কাচ ভেঙে গেছে। ট্রেনটি পরে ছেড়ে যায়।

শিক্ষার্থীরা তিতুমীরকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে বিভিন্ন স্লোগান দিচ্ছেন।

এদিকে, সড়কপথ অবরোধ থাকায় বনানীর সঙ্গে জাহাঙ্গীর গেট হয়ে ফার্মগেটের সড়ক পথে যোগাযোগ বন্ধ। সড়কের দুই পাশে বাড়ছে যানবাহনের সারি।

সরকারি তিতুমীর কলেজকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে এবং তিতুমীর বিশ্ববিদ্যালয় কমিশন গঠনের দাবিতে কয়েক মাসে একাধিকবার সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন তিতুমীর কলেজের শিক্ষার্থীরা।

প্রত্যক্ষদর্শী মুহাম্মদ সালাহউদ্দিন জানান, শিক্ষার্থীরা সড়কের পাশাপাশি রেললাইনও দখলে নিয়েছে। বেলা সাড়ে ১১টার পর একটি ট্রেনের গতিরোধের চেষ্টা করে, ব্যর্থ হয়ে মুহূর্মুহ পাথর মেরে যাত্রীবাহী ট্রেনটির সিংহভাগ গ্লাস ভেঙে দেয়। ট্রেন কিছুটা স্লো করে পরে আবার চলে যায়। এতে ভেতরে থাকা যাত্রীরা আতঙ্কিত হয়ে পড়েন। অনেকে আহতও হন।